

🗏 আল-হুজুরাত | Al-Hujurat | টিক্ন্টি

আয়াতঃ ৪৯: ৭

া আরবি মূল আয়াত:

وَ اعلَمُوا اَنَّ فِيكُم رَسُولَ اللهِ اَ لَو يُطِيعُكُم فِي كَثِيرٍ مِّنَ الاَمرِ لَعَنِتُّم وَ لَكِنَّ اللهُ كَاللهُ حَبَّبَ اللهُ مَانَ وَ زَيَّنَهُ فِي قُلُوبِكُم وَ كَرَّهَ اللهُمُ الكُفرَ وَ لَكِنَّ اللهُ حَبَّبَ اللهُمُ اللهُمُ الرُّشِدُونَ ﴿٧﴾ الفُسُوقَ وَ العِصيانَ اَ أُولَئِكُ هُمُ الرُّشِدُونَ ﴿٧﴾

আর তোমরা জেনে রাখ যে, তোমাদের মধ্যে আল্লাহর রাসূল রয়েছেন। সে যদি অধিকাংশ বিষয়ে তোমাদের কথা মেনে নিত, তাহলে তোমরা অবশ্যই কস্তে পতিত হতে। কিন্তু আল্লাহ তোমাদের কাছে ঈমানকে প্রিয় করে দিয়েছেন এবং তা তোমাদের অন্তরে সুশোভিত করেছেন। আর তোমাদের কাছে কুফরী, পাপাচার ও অবাধ্যতাকে অপছন্দনীয় করে দিয়েছেন। তারাই তো সত্য পথপ্রাপ্ত। — আল-বায়ান

তোমরা জেনে রেখ যে, তোমাদের মধ্যে আল্লাহর রসূল বর্তমান আছে। সে যদি অধিকাংশ বিষয়ে তোমাদের কথা মেনে নিত, তাহলে তোমরা অবশ্যই ক্ষতিগ্রস্ত হতে। কিন্তু আল্লাহ তোমাদের কাছে ঈমানকে প্রিয় করে দিয়েছেন। তোমাদের অন্তরে সেটিকে সুশোভিত করেছেন আর তোমাদের কাছে কুফুরী, পাপাচার ও অবাধ্যতাকে ঘৃণিত করেছেন। তারাই সত্য পথপ্রাপ্ত। — তাইসিরুল

তোমরা জেনে রেখ যে, তোমাদের মধ্যে আল্লাহর রাসূল রয়েছেন; তিনি বহু বিষয়ে তোমাদের কথা মেনে নিলে তোমরাই কস্ট পাবে। কিন্তু আল্লাহ তোমাদের নিকট ঈমানকে প্রিয় করেছেন এবং উহা তোমাদের হৃদয়গ্রাহী করেছেন; কুফরী, পাপাচার ও অবাধ্যতাকে করেছেন তোমাদের নিকট অপ্রিয়। ওরাই সৎ পথ অবলম্বনকারী। — মুজিবুর রহমান

And know that among you is the Messenger of Allah. If he were to obey you in much of the matter, you would be in difficulty, but Allah has endeared to you the faith and has made it pleasing in your hearts and has made hateful to you disbelief, defiance and disobedience. Those are the [rightly] guided. — Sahih International

৭. আর তোমরা জেনে রাখা যে, তোমাদের মধ্যে আল্লাহর রাসূল রয়েছেন; তিনি বহু বিষয়ে তোমাদের কথা শুনলে তোমরাই কষ্ট পেতে। কিন্তু আল্লাহ তোমাদের কাছে ঈমানকে প্রিয় করেছেন এবং সেটাকে তোমাদের হৃদয়গ্রাহী করেছেন। আর কুফরী, পাপাচার ও অবাধ্যতাকে করেছেন তোমাদের কাছে অপ্রিয়।



তারাই তো সত্য পথপ্রাপ্ত।

তাফসীরে জাকারিয়া

(৭) তোমরা জেনে রেখো যে, তোমাদের মধ্যে আল্লাহর রসূল রয়েছেন;[1] তিনি বহু বিষয়ে তোমাদের কথা শুনলে তোমরাই কষ্ট পাবে। কিন্তু আল্লাহ তোমাদের নিকট ঈমান (বিশ্বাস)কে প্রিয় করেছেন এবং ওকে তোমাদের হৃদয়ে সুশোভিত করেছেন। আর কুফরী (অবিশ্বাস), পাপাচার ও অবাধ্যতাকে তোমাদের নিকট অপ্রিয় করেছেন। ওরাই সৎপথ অবলম্বনকারী।

[1] আর এর দাবী এই যে, তোমরা তাঁর শ্রদ্ধা ও আনুগত্য কর। কেননা, তিনি তোমাদের ভালাই ও কল্যাণের ব্যাপারে বেশী জানেন। কারণ, তাঁর উপর অহী নাযিল হয়। অতএব তোমরা তাঁর পিছনেই চল। তাঁকে তোমাদের পিছনে চালাবার প্রচেষ্টা করো না। কেননা, তিনি যদি তোমাদের পছন্দনীয় কথাগুলো মানতে আরম্ভ করে দেন, তবে তোমরাই বেশী সমস্যায় পড়ে যাবে। যেমন, অন্যত্র বলেছেন, ﴿أَهُوَاءَهُمُ لَفُسَدَتِ السَّمَاوَاتُ وَمَنْ فِيهِنَ وَمَنْ فِيهِنَ وَمَنْ فِيهِنَ وَمَنْ فِيهِنَ وَمَنْ فِيهِنَ الْحَقَّ الْمُواءَهُمُ وَمَانُ فِيهِنَ الْمُواءَهُمُ وَمَانُ وَمَنْ فِيهِنَ الْمُعَامِّ وَمَانُ فِيهِنَ الْمُواءَاءُ وَالْأَرْضَ وَمَنْ فِيهِنَ السَّمَاءَ (সূরা মুমনূন ৭১ আয়াত)

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4619

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন